# প্রেস রিলিজ

১০ ডিসেম্বর জাতীয় ভ্যাট দিবস। প্রতি বছরের ন্যায় এবারও করদাতাদের মধ্যে ভ্যাট প্রদান বিষয়ক সচেতনতা সৃষ্টির লক্ষ্যে জাতীয় ভ্যাট দিবস উদযাপন করা হয়। মহান জাতীয় সংসদে ২০১২ সালের ১০ ডিসেম্বর মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ পাস করা হয়। এই প্রেক্ষাপটে, প্রতি বছর ১০ ডিসেম্বর **"ভ্যাট দিবস"** এবং ১০-১৫ ডিসেম্বর **"ভ্যাট সপ্তাহ"** উদযাপিত হয়ে থাকে। এবারের ভ্যাট দিবসের মূল প্রতিপাদ্য হচ্ছে "উন্নয়নের ভ্যাট নীতি, ভ্যাট দিয়ে গড়বো জাতি" ।

মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন পূরন অভিপ্রায়ে এগিয়ে যাচ্ছে দেশ এবং দেশের ব্যবসা বাণিজ্য। বিশ্বের অন্যান্য দেশের মত বাংলাদেশেও অনলাইন প্লাটফর্মে বাণিজ্যের ব্যাপক প্রসার ঘটছে। এর ধারাবাহিকতায় জাতীয় রাজস্ব বোর্ড বর্তমানে পুরো ভ্যাট ব্যবস্থাকে অটোমেশন সিস্টেমের আওতায় নিয়ে আসার জন্য বদ্ধপরিকর। দক্ষ জনবল ও অটোমেশনই হবে ভবিষ্যতে রাজস্ব আহরণের একমাত্র হাতিয়ার। যার ফলশ্রুতিতে বর্তমানে উল্লেখযোগ্য কিছু মডিউল যেমন : অনলাইনে ভ্যাট নিবন্ধন, অনলাইনে মাসিক রিটার্ন দাখিল, অনলাইনে কর পরিশোধ (e-payment), অনলাইনে এবং টেক্সট মেসেজের মাধ্যমে করাদাতাদের নোটিশ প্রদান, EFDMS প্রবর্তন ইত্যাদি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। জাতীয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুরসহ এর আওতাধীন সকল কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তরে মূসক প্রদান উৎসাহ বিষয়ক স্লোগানযুক্ত লিফলেট, নোটবুক ও ব্রোসিয়ার করদাতাগণের মাঝে বিতরণ করা হয়েছে।

বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ার স্বপ্ন পূরণের লক্ষ্যে এবং দেশকে ২০২৬ সালের মধ্যে স্বল্পোন্নত , ২০৩১ সালের মধ্যে উচ্চ মধ্য আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত দেশের কাতারে শামিল হওয়ার গৌরবজনক পথপরিক্রমায় মূসক প্রশাসন অধিক রাজস্ব আহরণ করে প্রত্যক্ষ ভূমিকা পালন করে আসছে। বিশ্বব্যাপী কোভিড-১৯ অতিমারি স্বত্বেও দেশের অর্থনীতির চাকা সচল রাখার প্রয়াসে মাননীয় প্রধানমন্ত্রীর যুগোপযোগী এবং বাস্তবমুখী দিক নির্দেশনায় জাতীয় রাজস্ব বোর্ড ২০২১-২২ অর্থবছরে রাজস্ব আহরণে প্রায় ১৬.০৭% প্রবৃদ্ধি অর্জনের মাধ্যমে একটি অনন্য দক্ষতার নজির স্থাপন করেছে। এক্ষেত্রে অভ্যন্তরীন উৎস হতে সংগৃহীত ভ্যাটের প্রবৃদ্ধির হার ছিল প্রায় ১১.১৯% । উল্লেখ্য, এ কমিশনারেটের সকল কর্মকর্তা ও কর্মচারীর নিরলস পরিশ্রম এবং সম্মানিত করদাতাগণের সহযোগিতায় রংপুর কমিশনারেট রাজস্ব আদায়ের ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করে আসছে।

অদ্য ১০/১২/২০২২ খ্রি. তারিখ, সকাল ১১.০০ ঘটিকায় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, রংপুর এর সম্মেলন কক্ষে এ কমিশনারেটের আওতাধীন বিভিন্ন শ্রেণির করদাতা, ব্যবসায়ী সংগঠন, সাংবাদিক ও সুধীজনের উপস্থিতিতে একটি সেমিনার এবং সর্বোচ্চ ভ্যাট প্রদানকারীগণকে সম্মাননা প্রদান অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত সেমিনারে জনাব মোঃ আব্দুল মজিদ, সদস্য (আন্তর্জাতিক কর), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা প্রধান অতিথি এবং জনাব মোহাঃ আবুল কালাম, কর কমিশনার, কর অঞ্চল, রংপুর, জনাব মোহাঃ আবদুল আলীম মাহমুদ, বিপিএম, ডিআইজ, রংপুর রেঞ্জ, বাংলাদেশ পুলিশ, রংপুর, জনাব মোঃ ফজলুল কবীর, পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর এবং জনাব মোস্তফা সোহরাব চৌধুরী টিটু, প্রেসিডেন্ট, রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, রংপুর বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে স্বাগত বক্তব্য রাখেন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর অতিরিক্ত কমিশনার জনাব অরুণ কুমার বিশ্বাস এবং মূল প্রবন্ধ উপস্থাপন করেন যুগ্ম কমিশনার জনাব মোহাম্মদ আরিফুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর কমিশনার জনাব সুরেশ চন্দ্র বিশ্বাস। গত ২০২০-২০২১ অর্থবছরে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর এর আওতাধীন ০৮ (আট) টি জেলায় উৎপাদন, সেবা ও ব্যবসা-এ ০৩ (তিন) ক্যাটাগরিতে সর্বোচ্চ মূসকদাতা হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক নির্বাচিত মোট ১৮ (আঠার) জন ব্যবসায়ী ও ব্যবসা প্রতিষ্ঠানকে সম্মাননা ও ক্রেস্ট প্রদান করা হয়।

২০২০-২০২১ অর্থবছরে জেলা পর্যায়ে সর্বোচ্চ মুল্য সংযোজন কর (মূসক) পরিশোধকারী এ কমিশনারেটের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের নামের তালিকা নিম্নরুপ:

| ক্র. নং | নাম | ঠিকানা | জেলার নাম | খাতের নাম | বিন |
|---|---|---|---|---|---|
| ১ | মেসার্স মায়া বিড়ি ফ্যাক্টরী | মায়াবাজার, হারাগাছ, রংপুর। | রংপুর | **উৎপাদন** | ০০১৭৯০৩৬৯-১০০১ |
| ২ | আরিফিন মটরস | কলেজ রোড, চারতলা মোড়, রংপুর সদর, রংপুর। | রংপুর | **ব্যবসায়** | ০০১৪৩৯৫৪৮-১০০১ |
| ৩ | গ্রান্ড প্যালেস হোটেল এন্ড রিসোর্টস লিঃ | জি. এল. রায় রোড, কোতয়ালী, রংপুর। | রংপুর | **সেবা** | ০০১০৫৭৯৬১-১০০১ |
| ৪ | সানলাইট ট্রেডিং এন্ড সার্ভিসেস লিমিটেড | উত্তর দলদলিয়া, বসার বাজার, উলিপুর, কুড়িগ্রাম। | কুড়িগ্রাম | **উৎপাদন** | ০০১০৫৩০৫৪-১০০৪ |
| ৫ | অন্তর বাজাজ | কিসমত, মালতি বাড়ি, ধরণী বাড়ি, উলিপুর, কুড়িগ্রাম | কুড়িগ্রাম | **ব্যবসায়** | ০০১৯৩৮০৭৩-১০০৪ |
| ৬ | ঝন্টু মিষ্টান্ন ভান্ডার | কালীবাড়ি রোড, কুড়িগ্রাম বাজার, কুড়িগ্রাম। | কুড়িগ্রাম | **সেবা** | ০০১৯২২৫৩৮-১০০৪ |
| ৭ | ইউনাইটেড ফুটকেয়ার (বাংলাদেশ) প্রাইভেট লিমিটেড | টেংগরজানি, তিনমাইল, বল্লমঝাড়, গাইবান্ধা সদর, গাইবান্ধা। | গাইবান্ধা | **উৎপাদন** | ০০০৬৩২২৯৫-১০০৫ |
| ৮ | মেসার্স ইরা বাজাজ | ডিবি রোড, গাইবান্ধা সদর, গাইবান্ধা। | গাইবান্ধা | **ব্যবসায়** | ০০১৭২২০৭৮১-১০০৫ |
| ৯ | এস.কে.এস.ইন | কলেজ রোড, বাধাকৃষ্ণপুর, সদর, গাইবান্ধা। | গাইবান্ধা | **সেবা** | ০০০৩৫৭৫৮৬-১০০৫ |
| ১০ | গ্রিন ফিল্ড টি ইন্ডাস্ট্রিস লিমিটেড | শাহবাজপুর, লাহিড়ীহাট, বালিয়াডাংগী, ঠাকুরগাঁও। | ঠাকুরগাঁও | **উৎপাদন** | ০০০৭৮৬৬৯৮-১০০৩ |
| ১১ | মেসার্স কে এম মটরস | রশিদ মার্কেট, রাণীশংকৈল, ঠাকুরগাঁও। | ঠাকুরগাঁও | **ব্যবসায়** | ০০০১৮৭০৮৭-১০০৩ |
| ১২ | মেসার্স করতোয়া কুরিয়ার পার্সেল এন্ড সার্ভিস | তাতীপাড়া, সদর, ঠাকুরগাঁও | ঠাকুরগাঁও | **সেবা** | ০০২১১৭৩৬৮-১০০৩ |
| ১৩ | মেসার্স সুমাইয়া মটরস | বিরল বাজার, দিনাজপুর। | দিনাজপুর | **ব্যবসায়** | ০০০৪৪৪৬৯৪-১০০৬ |
| ১৪ | সানিটা সিরামিক (প্রাঃ) লিঃ | নিউ বাবুপাড়া, নীলফামারী সদর, নীলফামারী। | নীলফামারী | **উৎপাদন** | ০০১২৮১৮২১-১০০২ |
| ১৫ | মেসার্স শাকিল মটরস | পৌর মার্কেট, নীলফামারী সদর, নীলফামারী। | নীলফামারী | **সেবা** | ০০০৪২৪২০৬-১০০২ |
| ১৬ | পঞ্চগড় মটরস্ | তেঁতুলিয়া রোড (সার্কিট হাউস সংলগ্ন), পঞ্চগড়। | পঞ্চগড় | **ব্যবসায়** | ০০১৮৮০০১১-১০০৮ |
| ১৭ | মেসার্স স্বাধীন বিড়ি এন্ড সফল বিড়ি ফ্যাক্টরী | কাশিরাম, করিমপুর, কালিগঞ্জ, লালমনিরহাট। | লালমনিরহাট | **উৎপাদন** | ০০০০৮০২১৬-১০০৭ |
| ১৮ | এ আর মটরস | তুষভান্ডার, কালীগঞ্জ, লালমনিরহাট। | লালমনিরহাট | **ব্যবসায়** | ০০১৯৭৬৫৩৪-১০০৭ |

(মোহাম্মদ আরিফুল ইসলাম)
যুগ্ম কমিশনার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর।